গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর-০৪.০০.০০০০.৫১২.২৩.০০১.১৬.১৪৪

তারিখ: ৫ চৈত্র ১৪২৪
১৯ মার্চ ২০১৮

জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
নম্বর:
তারিখ: 20 MAR 2018
জেলা প্রশাসক

☐ NDC
☐ AC (G)
☐ AC (ICT)
☐ DRRO
☐ CA
অঃ জেংপ্রঃ(সাঃ)
তারিখ-

বিষয়: সমবেত কণ্ঠে জাতীয় সংগীত পরিবেশন।

আগামী ২৬ মার্চ ২০১৮ তারিখ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে সারা দেশব্যাপী একসঙ্গে জাতীয় সংগীত পরিবেশনের নিমিত্ত বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে সকাল ৮:০০ ঘটিকায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক জাতীয় পতাকা উত্তোলন ও সমবেত কণ্ঠে জাতীয় সংগীত পরিবেশন হবে মর্মে সময় নির্ধারণ করা হয়েছে (জেলা প্রশাসন, ঢাকার অনুষ্ঠানসূচি সংযুক্ত)। উল্লিখিত সময় অনুযায়ী একইসঙ্গে সারা দেশে জাতীয় পতাকা উত্তোলন ও সমবেত কণ্ঠে জাতীয় সংগীত পরিবেশনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮ উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক জাতীয় পতাকা উত্তোলন ও সমবেত কণ্ঠে জাতীয় সংগীত পরিবেশনের বিষয়টি বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) থেকে সরাসরি সম্প্রচার করা হবে। সম্প্রচারিত অনুষ্ঠান থেকে জাতীয় সংগীত পরিবেশন সরাসরি বড় পর্দায় প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে তিন পৃষ্ঠা।

২০/৩/১৮
(মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী)
উপসচিব
ফোন: ৯৫৭৫৪৪৭
ই-মেইল: dfal_sec@cabinet.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগাতিপাড়া, নাটোর
www.bagatipara.natore.gov.bd

স্মারক নং.০৫.৪৩.৬৯০৯.০০০.১৫.০০৪.২০১৭- ৩৩৬ তারিখঃ ২২.০৩.২০১৮

মন্ত্রিপরিষদ বিভাগের ২০.০৩.২০১৮ খ্রিঃ তারিখের ০৪.০০.০০০০.৫১২.২৩.০০১.১৬-১৪৪ নং পত্রের অনুলিপি প্রেরণ পূর্বক ২৬ মার্চ ২০১৮ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে সকাল ৮.০০ ঘটিকায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক জাতীয় পতাকা উত্তোলন ও সমবেত কণ্ঠে জাতীয় সংগীত পরিবেশন হবে । উল্লিখিত সময় অনুযায়ী বাগাতিপাড়া পাইলট উচ্চ বিদ্যালয় মাঠে সম্প্রচারিত জাতীয় সংগীত সরাসরি বড় পর্দায় পরিবেশন করা হবে। উক্ত অনুষ্ঠানে সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।

(১) উপজেলা .....অফিসার, বাগাতিপাড়া, নাটোর ।
(২) অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার,.....বাগাতিপাড়া, নাটোর ।
(৩) জনাব .....

(মোছাঃ নাসরিন বানু)
উপজেলা নির্বাহী অফিসার
বাগাতিপাড়া, নাটোর
ফোন নং: ০৭৭২২-৭২০০১